



সৌদির বিমানবন্দরে হুতিদের ক্ষেপণাস্ত্র হামলায় নিহত ৩



ছবি: সংগৃহীত

ইয়েমেনের হুতি বিদ্রোহীদের সঙ্গে সংঘাতের মধ্যে সৌদি আরবের আবহা ও রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে হামলা হয়েছে। এতে তিনজন নিহত ও ৩৬ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সৌদির বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বরাতে এ তথ্য জানিয়েছে রয়টার্স। মঙ্গলবার ও বুধবার পৃথক সময়ে দুই বিমানবন্দরে হামলা হয়। আবহা বিমানবন্দরে হামলায় মরক্কো ও আলজেরিয়ার দুই নাগরিক নিহত হন। আহত ২৮ জনের মধ্যে সৌদি, বাংলাদেশি ও ফিলিপাইনের নাগরিক রয়েছেন। আহতদের কয়েকজনের অবস্থা গুরুতর।

হুতি ও সৌদি-সমর্থিত ইয়েমেনি সরকারি বাহিনীর মধ্যে প্রায় তিন সপ্তাহ ধরে তীব্র লড়াই চলছে। এর মধ্যেই বুধবার রিয়াদ ও আবহা বিমানবন্দরে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় হুতিরা। গোষ্ঠীটির মুখপাত্র ইয়াহিয়া সারী বলেন, বিমান চলাচলের অবকাঠামো লক্ষ্য করেই এসব হামলা চালানো হয়েছে।

এদিকে সংঘাতের কারণে ইয়েমেনে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা দুই লাখ ছাড়িয়েছে বলে জানিয়েছে ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম)। সংস্থাটির মহাপরিচালক অ্যামি পোপ বলেন, জীবন বাঁচাতে মানুষ ঘর ছাড়লেও নিরাপদ আশ্রয় পাচ্ছে না। তাদের জন্য খাদ্য ও আশ্রয়ের চাহিদা দ্রুত বাড়ছে।

জাতিসংঘ জানিয়েছে, ইয়েমেনের কয়েকটি এলাকায় প্রতি চারটি পরিবারের মধ্যে তিনটি পরিবার খাদ্যসংকটে রয়েছে।